

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
আইসিটি সেল
www.mofl.gov.bd



স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.২০.০০১.২৩.১০২

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪৩১

২৭ মে ২০২৪

বিষয়: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ১০ম গ্রেডভুক্ত কর্মকর্তাদের জন্য ৪র্থ শিল্পবিপ্লব সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শিল্পবিপ্লবের ধারাবাহিকতায় ইতোমধ্যে চতুর্থ শিল্পবিপ্লবের সূত্রপাত হয়েছে। অগ্রসরমান এবং বিকাশমান নতুন ধরনের প্রযুক্তির প্রভাবে চলমান চতুর্থ শিল্পবিপ্লব দ্রুত গতিতে শিল্প, বাণিজ্য, অর্থনীতি, কর্মসংস্থানসহ বিভিন্ন ক্ষেত্রে পরিবর্তন এনে দিচ্ছে। এই প্রেক্ষাপটে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়ন এবং ৪র্থ শিল্প-বিপ্লবের অগ্রসরমান প্রযুক্তিসমূহ সম্পর্কে অবহিতকরণের জন্য ৪র্থ শিল্পবিপ্লব সংক্রান্ত একটি প্রশিক্ষণ আগামী ২৮ মে, ২০২৪ খ্রিঃ তারিখ মঙ্গলবার দিনব্যাপী (সকাল ৯.০০ টা হতে বিকেল ৪.০০ টা পর্যন্ত) মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

এমতাবস্থায়, উক্ত প্রশিক্ষণে সংযুক্ত তালিকা অনুযায়ী সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ

১। অংশগ্রহণকারীর তালিকা

২। প্রশিক্ষণসূচি

২৭-৫-২০২৪

মোঃ ইলিয়াস হোসেন

সিস্টেম এনালিস্ট

ফোন: ৫৫১০০৪৩৯

ফ্যাক্স: 9512220

ইমেইল: sa@mofl.gov.bd

বিতরণ :

১) প্রশাসনিক কর্মকর্তা(সকল), মৎস্য ও প্রাণিসম্পদ

মন্ত্রণালয়

২) বক্তৃগত কর্মকর্তা (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ

মন্ত্রণালয়

৩) সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা , হিসাব শাখা, মৎস্য ও

প্রাণিসম্পদ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.২০.০০১.২৩.১০২/১(৩)

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪৩১

২৭ মে ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

- ২) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৩) অফিস কপি



২৭-৫-২০২৪

মোঃ ইলিয়াস হোসেন
সিস্টেম এনালিস্ট